# সবাইকে লাল গোলাপের শুভেচ্ছা



ক্লাশ পরিচালনায়

# নাম- খ. ম. রওশন হাবিব

## পদবী- চিফ ইনস্ট্রাক্টর(নন-টেক) ম্যানেজমেন্ট

# সিরাজগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট

## ১০.১ আর্থিক হিসাববিজ্ঞানের সংজ্ঞা (Define Financial Accounting)

সাধারণ অর্থে আর্থিক লেনদেন সমূহকে লিপিবদ্ধ এর মূল্যায়ন বিশ্লেষণ এবং ফলাফল পর্যালোচনাকে আর্থিক হিসাব বলে।

অন্য কথায় বলা যায়, General Accounting can also be Called Financial Accounting. (অর্থাৎ সাধারণ হিসাববিজ্ঞানকে আর্থিক হিসাববিজ্ঞান বলে।) সুতরাং নির্দিষ্ট সময় পর পর কোন ব্যবসা প্রতিষ্ঠানের লাভ লোকসান নির্ণয় সম্পত্তি ও দায় মূল্যায়নের মাধ্যমে সঠিক আর্থিক চিত্র প্রদর্শনকে আর্থিক হিসাববিজ্ঞান বলে।

জর্জ আর টেরির মতে, "যে কোনো ধরণের মূলধন, ঋণ, নগদ তহবিল ইত্যাদি কারবারের উদ্দেশ্যে নিয়োগ করা হয় এবং সে গুলো সঠিক ভাবে হিসাবের বহিতে লিপিবদ্ধ করার প্রক্রিয়াকে আর্থিক হিসাববিজ্ঞান বলে।"

## ১০.২ আর্থিক হিসাববিজ্ঞানের উদ্দেশ্য সমূহ (State the objectives of financial Accounting.)

উদ্দেশ্য ব্যতীত কোন কার্য সফল ভাবে সম্পাদিত হতে পারে না। তাই আর্থিক হিসাববিজ্ঞানের কিছু উদ্দেশ্য বিদ্যমান। তা নিম্নরূপঃ

১। কারবারের মূলধন সংগ্রহ, সংরক্ষণ ও বিনিয়োগ করা।

২। কারবারের লেনদেন গুলো সুষ্ঠুভাবে লিপিবদ্ধ করা।

৩। নির্দিষ্ট সময় পর পর লাভ লোকসান নির্ণয় ও উদ্বর্ত পত্র প্রস্তুতকরণ।

৪। কারবারের সঠিক মুনাফা নিরূপণ ও সঠিক আর্থিক চিত্র প্রদর্শন করা।

৫। আর্থিক বিবরণীর বিচার বিশ্লেষণ করা।

৬। কারবারের আর্থিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের পরামর্শ প্রদান করা।

৭। কারবার প্রতিষ্ঠানের সামগ্রিক দক্ষতা যাচাই করা।

## ১০.৩ উৎপাদন ব্যয় হিসাবের সংজ্ঞা (Define Cost Accounting)

যে শাস্ত্র কোন উৎপাদন প্রতিষ্ঠানের ব্যয় নির্ণয়, ব্যয় নিয়ন্ত্রণ, মুল্য নিরূপণ ও ব্যবস্থাপনা সিদ্ধান্তে সহায়তা করে উৎপাদন কার্যকে সুষ্ঠু সুন্দর ও পরিকল্পনা মাফিক পরিচালনা করতে সহায়তা করে তাকে উৎপাদন ব্যয় হিসাব বলে।

অন্য কথায় বলা যায়, উৎপাদন ব্যয় হিসাবশাস্ত্র হল উৎপাদন ব্যয় হিসাব রক্ষকের চলতি রীতিনীতি বিজ্ঞান ও কলা।

১. এ সম্পর্কে **প্রফেসার এম, এ মন্ডল** বলেন, ‘‘যে হিসাব পদ্ধতিতে উৎপাদনের খরচ শ্রেণি ভিত্তিতে লিপিবদ্ধ করা হয় ও সঠিক ভাবে বন্টন করা হয় এবং তা হতে উৎপাদন ব্যয় নির্ণয় করা এবং প্রশাসনিক নিয়ন্ত্রন ও নির্দেশের জন্য প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করা হয় তাকে উৎপাদন ব্যয় হিসাব বলে।’’

২. **Institute of Cost and Management Accountants of England** এর মতে ‘‘উৎপাদন ব্যয় নিরূপণের কলাকৌশল ও প্রক্রিয়াই হল উৎপাদন ব্যয়।’’

৩. **Prof. Muinuddin Khan** says that "Cost accounting emphasize the determination of business cost, specially unit costs of production and distribution" অর্থাৎ ব্যবসায়িক ব্যয় নির্ধারণ বিশেষ করে একক প্রতি উৎপাদন ব্যয় নির্ণয় ও বন্টনে উৎপাদন ব্যয় জোড় দেয়।

## ১০.৩.১ উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের সহিত আর্থিক হিসাববিজ্ঞানের মধ্যে সর্ম্পক (Relationship of Cost Accounting to Financial Accounting)

উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান ও আর্থিক হিসাববিজ্ঞান এ দু'টি হিসাববিজ্ঞানের ভিন্ন শাখা। যদিও আর্থিক হিসাববিজ্ঞান হিসাব পরিচালনা করে থাকে, তবুও উৎপাদন ব্যয় হিসাব এবং আর্থিক হিসাববিজ্ঞানের যে সম্পর্ক বিদ্যমান তা নিম্নে আলোচনা করা হলঃ

**১। উদ্দেশ্য ভিত্তিক সম্পর্ক ঃ** উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান ও আর্থিক হিসাববিজ্ঞান উভয়ই সঠিক হিসাব সংরক্ষণের মাধ্যমে ব্যবসায়িক প্রতিষ্ঠানকে সহায়তা করে।

**২। ব্যয় নির্ধারণ সম্পর্ক ঃ** উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান ও আর্থিক হিসাববিজ্ঞান উভয়ই কারবার প্রতিষ্ঠানের সঠিক ব্যয় নির্ধারণ করে থাকে।

**৩। ব্যয় নিয়ন্ত্রন ভিত্তিক সর্ম্পক ঃ** উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান ও আর্থিক হিসাববিজ্ঞান উভয় হিসাব শাস্ত্র সঠিক ব্যয় নিয়ন্ত্রনের মাধ্যমে কারবার প্রতিষ্ঠানকে সহায়তা করে।

**৪। প্রতারণা দুরীকরণ ভিত্তিক সম্পর্ক ঃ** উভয় হিসাব শাস্ত্রই চুরি, জালিয়াতি ও অন্যান্য প্রতারণা দুরীকরণে সহায়তা করে।

**৫। বাজেটপ্রণয়ন ভিত্তিক সম্পর্কঃ** উভয় হিসাব শাস্ত্রই উদ্বৃত্ত পত্র প্রস্তুত ও লাভ লোকসান নির্ণয় দ্বারা বাজেট প্রণয়নে সহায়তা করে।

১০.৪.১ মুখ্য ব্যয়, কারখানা ব্যয়, উৎপাদন ব্যয়, মোট ব্যয়, মুনাফা,বিক্রয় মূল্য অথবা উৎপাদন ব্যয় বিবরণীত নমুনা নিম্নে দেওয়া হল।

## উৎপাদন ব্যয় বিবরণী

| | |
|---|---|
| প্রত্যক্ষ কাঁচা | *** |
| প্রত্যক্ষ শ্রম | *** |
| প্রত্যক্ষ ব্যয় | *** |
| **** মুখ্য ব্যয় (Prime cost)** | *** |
| (+) কারখানার উপরি খরচঃ | |
| পরোক্ষ মাল | *** |
| পরোক্ষ শ্রম | *** |
| পরোক্ষ ব্যয় | *** |
| **** কারখানা ব্যয় (Factory cost)** | *** |
| (+) অফিস ও প্রশাসনিক উপরি ব্যয় | *** |
| অফিস কর্মচারী | *** |
| কর, মনোহারী টেলিফোন | *** |
| ডাক খরচ ইত্যাদি | *** |
| **** উৎপাদন ব্যয় (Cost of production)** | *** |
| (+)বিক্রয় ও বিল খরচ (Selling Distribution Cost) | *** |
| ব্যবস্থাপক ও বিক্রয় কর্মীদের বেতন ও কমিশন | *** |
| বিজ্ঞাপন খরচ, প্যাকিং খরচ | *** |
| পরিবহন খরচ,অনাদায়ী দেনা | *** |
| **** মোট ব্যয় বা বিক্রয় ব্যয়-(Total Cost)** | *** |
| (+)মুনাফা(Profit) | *** |
| **Selling Price (বিক্রয় মূল্য)** | *** |

১। উদাহরণঃ নিম্ন লিখিত তথ্যাবলি আলম্বনে উৎপাদন ব্যয় বিবরণী তৈরি করে মূল্য ব্যয়,কারখানা ব্যয় বিক্রিত পণ্যের ব্যয়, মুনাফা নির্ণয় কর।

| | |
|---|---|
| কাঁচা মাল ক্রয় ------------------ | ৫,০০০/- |
| প্রত্যক্ষ শ্রম -------------------- | ৭,০০০/- |
| প্রারম্ভিক কাঁচা মাল ------------ | ২,০০০/- |
| সমাপনী কাঁচামাল -------------- | ১,০০০/- |
| কারখানার উপরি খরচ প্রত্যক্ষ মজুরির ৫০ % | |
| প্রারম্ভিক চলতি কার্য ------------ | ৭,০০০/- |
| সমাপনী চলতি কার্য ------------- | ৪,০০০/- |
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ ------- | ৩,০০০/- |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ ------ | ২,০০০/- |
| বিক্রয় ও বিলি খরচ ------------- | ৫,৫০০/- |
| বিক্রয় ------------------------- | ৩০,০০০/- |

## উৎপাদন ব্যয় বিবরণী

| | |
|---|---|
| প্রারম্ভিক কাঁচা মাল ---------------------------- | ২,০০০/- |
| (+) কাঁচা মাল ক্রয় --------------------------- | ৫,০০০/- |
| | ৭,০০০/- |
| (-) সমাপনী কাঁচা মাল ----------------------- | ১,০০০/- |
| ব্যবহৃত মাল ব্যয় ------------------------ | ৬,০০০/- |
| (+) প্রত্যক্ষ শ্রম ব্যয় ----------------------- | ৭,০০০/- |
| ***মুখ্য ব্যয়------------------------------------ | ১৩,০০০/- |
| (+) কারখানা উপরি খরচ-------------------- | ৩,৫০০/- |
| ***কারখানা খরচ -------------------------- | ১৬,৫০০/- |
| (+ ) প্রারম্ভিক চলতি কর্ম------------------- | ৭,০০০/- |
| | ২৩,৫০০/- |
| (-) সমাপনী চলতি কার্য---------------------- | ৪,০০০/- |
| ***উৎপাদন খরচ--------------------------- | ১৯,৫০০/- |
| (+) প্রারাম্ভিক তৈরি পণ্য---------------------- | ৩,০০০/- |
| | ২২,৫০০/- |
| (-) সমাপনী তৈরি পণ্য--------------------- | ২,০০০/- |
| *** বিক্রিত পণ্যের ব্যয়------------------------ | ২০,৫০০/- |
| (+) অফিস প্রশাসনিক খরচ ------------------ | ৫,৫০০/- |
| | ২৬,০০০/- |
| মুনাফা------------------------------------ | ৪,০০০/- |
| *** বিক্রয়------------------------------------ | ৩০,০০০/- |

## ১০.৫.১ মূলধন বাজেটিং এর সংজ্ঞাঃ (Define Capital Budget)

সহজ কথায় মূলধন বাজেটিং বলতে কারবারে দীর্ঘ মেয়াদি বিনিয়োগ পরিকল্পনাকে বুঝায়। বা ভবিষ্যতে দীর্ঘকালীন সময়ব্যাপী বিনিয়োগকৃত অর্থ থেকে সুবিধা পাবার আশায় তহবিল বিনিয়োগের দীর্ঘমেয়াদী পরিকল্পনাকে মূলধান বাজেট বলে।

অন্য কথায় মূলধন বিনিয়োগের সাথে সম্পর্কিত পরিকল্পনাকে মূলধন বাজেটিং বলে। নিম্নে কয়েকজন খ্যাতনামা ব্যক্তির সংজ্ঞা প্রদান করা হলো।

১. George A Wing-এর মতে, "কারবারের দীর্ঘমেয়াদী ফলদায়ক ব্যবহারের জন্য দীর্ঘমেয়াদী তহবিলের বন্টনই হল মূলধন বাজেটিং।"

২. L.D. Schall & C.W. Halley -এর মতে, "মূলধনী সম্পত্তির জন্য কি পরিমান অর্থ ব্যয় করতে হবে এবং কোন সম্পত্তি গ্রহণ করা যাবে তা নির্ধারণ করার প্রক্রিয়াকেই মূলধন বাজেটিং বলা হয়।"

## ১০.৬ (a) স্থায়ী ব্যয় (Fixed Cost)

যে ব্যয় উৎপাদন হ্রাস বৃদ্ধির সহিত আনুপাতিক হারে হ্রাস বৃদ্ধি ঘটে না। অর্থাৎ নির্দিষ্ট সময়ের মধ্যে স্থির থাকে তাকে স্থায়ী ব্যয় বলে। আবার কোন নির্দিষ্ট কার্য পরিসীমার মধ্যে উৎপাদন কম বেশি হলে ও ব্যয় একই থাকে তাকে স্থায়ী ব্যয় বলে।

স্থায়ী ব্যয় নির্ধারিত সময় পর্যন্ত স্থির থাকলে ও এর একক ব্যয় পরিবর্তীত হয়। যেমনঃ কারখানার ভাড়া, কারখানার ম্যানেজারের বেতন, বীমা ইত্যাদি।

## (b) পরিবর্তনশীল ব্যয় (Variable Cost)কাকে বলে ?

যে ব্যয় উৎপাদনের পরিমান হ্রাস বৃদ্ধিতে আনুপাতিক হারে উঠানামা করে তাকে পরিবর্তনশীল ব্যয় বলে।

অন্য কথায় বলা যায়, উৎপাদনের বৃদ্ধি পেলে যে ব্যয় বৃদ্ধি পায় এবং উৎপাদন হ্রাস পেলে ব্যয় হ্রাস পায়। তাকে পরিবর্তনশীল ব্যয় বলে। যেমনঃ প্রত্যক্ষ মাল, প্রত্যক্ষ শ্রম, প্রত্যক্ষ ব্যয়, শক্তি, জ্বালানী, গ্যাস, ইত্যাদি।

## (c) কারখানা খরচ (Factory cost)

একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানে যেমন কতকগুলি প্রত্যক্ষ খরচ হয় সে গুলির সমন্বয়ে মুখ্য ব্যয় অনুষ্ঠিত হয়। তা ছাড়া ও কতকগুলি পরোক্ষ খরচ হয়ে থাকে সে গুলি যোগ করে যে ব্যয় পাওয়া যায় তাই কারখানা খরচ।

**(d) কারখানার উপরি খরচ (Overhead cost):** একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানে যে প্রত্যক্ষ খরচ হয় তা বাদে যে পরোক্ষ মাল, পরোক্ষ শ্রম, পরোক্ষ খরচ ও কারখানার অবচয়কে একসাথে উপরিখরচ বলে।

### (e) প্রক্রিয়া ব্যয় (process Costing)

যে উৎপাদন কার্যে উৎপাদন বিভিন্ন স্তরে সম্পন্ন করা হয় সে সব ক্ষেত্রে প্রতিটি স্তরে ব্যয় নির্ণয়ের জন্য যে পদ্ধতি ব্যবহৃত হয় তাকে প্রক্রিয়া ব্যয় বলে। এরুপ ক্ষেত্রে পূর্ববতী প্রক্রিয়া পরবর্তী প্রক্রিয়ায় স্থানান্তর করা হয়। যেমন ঃ কাপড়ের মিল, জুটমিল, রবার শিল্প ইত্যাদি।

### (f) প্রত্যক্ষ ব্যয়(Direct Expenses)

যে ব্যয় একটি নির্দিষ্ট দ্রব্য উৎপাদনের জন্য প্রত্যক্ষ ভাবে জড়িয়ে থাকে তাকে প্রত্যক্ষ ব্যয় বলে। তাই বলা যায়, কোন উৎপাদনকারী প্রতিষ্ঠান যে ব্যয় ব্যতীত উৎপাদন কার্য শুরু করতে পারে না সে ব্যয়কে প্রত্যক্ষ ব্যয় বলে। উৎপাদন হ্রাস বৃদ্ধিতে এ ব্যয় আনুপাতিক পরিবর্তীত হয়। যেমনঃ কাঁচা মাল, প্রত্যক্ষশ্রম, প্রত্যক্ষ খরচ ইত্যাদি।

### (g) পরিচালন ব্যয় হিসাব (Operating cost)ঃ

বিভিন্ন প্রকার জনহিতকর কার্য সম্পাদন ও সরবরাহ সংক্রান্ত ব্যয় নির্ণয় করার জন্য যে হিসাব পদ্ধতি ব্যবহার করা হয় তাই পরিচালন ব্যয় হিসাব। যেমনঃ যানবাহন সংস্থার প্রতি যাত্রীমাইল, টনমাইল, বিদ্যুতে কিলোওয়াট ঘন্টা, হাসপাতালের শয্যা প্রতি একক হিসাবে ব্যয় নির্ণয় করা হয়।

** স্থায়ী ব্যয় ও পরিবর্তনশীল ব্যয়ের মধ্যে পার্থক্য দেখাও।

| পার্থক্যের বিষয় | স্থায়ী ব্যয় | পরিবর্তনশীল ব্যয় |
|---|---|---|
| ১. সংজ্ঞা | যে ব্যয় উৎপাদন হ্রাস বৃদ্ধির সহিত আনুপাতিক হারে হ্রাস বৃদ্ধি ঘটে না। অর্থাৎ নির্দিষ্ট সময়ের মধ্যে স্থির থাকে তাকে স্থায়ী ব্যয় বলে। | যে ব্যয় উৎপাদনের পরিমান হ্রাস বৃদ্ধিত আনুপাতিক হারে উঠানামা করে তাকে পরিবর্তনশীল ব্যয় বলে। |
| ২. নিয়ন্ত্রন | স্থায়ী ব্যয় সহজে নিয়ন্ত্রন করা যায় না। | পরিবর্তনশীল ব্যয় সহজে নিয়ন্ত্রন করা যায়। |
| ৩. বৈশিষ্ট্য | এর বৈশিষ্ট্য হল একটি নির্দিষ্ট সময় পর্যন্ত স্থিত থাকলেও একক ব্যয় পরিবর্তীত হয়। | এর বৈশিষ্ট্য হল উৎপাদন পরিবর্তনের সাথে সাথে ব্যয় পরিবর্তীত হয় কিন্তু একক ব্যয় একই থাকে। |
| ৪. পরিবর্তশীলতা | ১০০% উৎপাদনে স্থির ব্যয় এবং ০% উৎপাদন ক্ষমতায় স্থির ব্যয় একই। | উৎপাদনের সাথে সাথে এ ব্যয় পরিবর্তন হয়ে থাকে। |

***** প্রত্যক্ষ ব্যয় ও পরোক্ষ ব্যয়ের মধ্যে পার্থক্য দেখাও।**

প্রত্যক্ষ ও পরোক্ষ ব্যয়ের মধ্যে যে পার্থক্য দেখা যায় তা নিচে আলোচনা করা হলোঃ

| পার্থক্যের বিষয় | প্রত্যক্ষ ব্যয় | পরোক্ষ ব্যয় |
|---|---|---|
| ১. সংজ্ঞা | যে ব্যয় একটি নির্দিষ্ট দ্রব্য উৎপাদনের জন্য প্রত্যক্ষ ভাবে জড়িয়ে থাকে তাকে প্রত্যক্ষ ব্যয় বলে। | যে ব্যয় একটি নির্দিষ্ট দ্রব্য উৎপাদনের জন্য প্রত্যক্ষ ভাবে জড়িত থাকে না তাকে পরোক্ষ ব্যয় বলে। |
| ২. পরিবর্তন | প্রত্যক্ষ ব্যয় সাধারণত আনুপাতিক হারে পরিবর্তন হয়। | এ ব্যয়ের পরিবর্তনের হার নির্দিষ্ট থাকে না। |
| ৩. উপাদান | প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ শ্রম, প্রত্যক্ষ খরচ এ ব্যয়ের উপাদান। | কারখানার উপরি খরচ, প্রশাসনিক খরচ, বিক্রয় ও বিলি খরচ এর উপাদান। |
| ৪. নিয়ন্ত্রনযোগ্যতা | এ ব্যয় সহজে নিয়ন্ত্রন করা যায় না। | সুপারভাইজারে তত্ত্বাবধান, সময় ও কৃচ্ছ্রতা সাধনে ব্যয় নিয়ন্ত্রন সম্ভব। |
| ৫. বন্টন | প্রত্যক্ষ ব্যয়কে উৎপাদন বিভাগে বন্টন করতে হয় না। | এ ব্যয়কে নির্দিষ্ট হারে উৎপাদন বিভাগে বন্টন করা হয়। |

কোন কিছু জানার থাকলে

বা কোন প্রশ্ন

সবাইকে ধন্যবাদ

